

কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের ২০২১ সালের বাৎসরিক প্রতিবেদন

২০২১ সালে পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ কর্তৃক নিম্নলিখিত কার্যাবলি সম্পন্ন করা হয়েছেঃ

বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে ই-পাসপোর্ট সেবা চালুকরণঃ ০৯ টি মিশনে আনুষ্ঠানিকভাবে ই-পাসপোর্ট সেবা কার্যক্রম চালু করা হয়েছে। যেসব মিশনে ই-পাসপোর্ট সেবা ইতোমধ্যে চালু হয়েছে সেগুলো হলোঃ এথেন্স, বার্লিন, ওয়াশিংটন ডিসি, নিউইয়র্ক, লস এঞ্জেলস, বুথারেস্ট, সিউল, আবুধাবি এবং দুবাই। উল্লেখ্য, বিদেশস্থ সকল বাংলাদেশ মিশনসমূহে ২০২২ সালের মধ্যে ই-পাসপোর্ট সেবা চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

দলিলাদি সত্যায়নঃ ২০২১ সালে কনস্যুলার শাখা কর্তৃক ১০,৭৪,৩৩১ সংখ্যক দলিল, সনদ, ও অন্যান্য কাগজপত্রাদি সত্যায়ন করা হয়েছে যার পরিসংখ্যান নিম্নরূপঃ

নং	সেবার ধরণ/নাম	সংখ্যা
০১.	পুলিশ ক্লিয়ারেন্স সনদ সত্যায়ন	৮,৭০,২৯৩ টি
০২.	বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ কর্তৃক সম্পাদিত আম-মোক্তারনামা/বিদেশি সনদ সত্যায়ন	৬,৭২৬ টি
০৩.	আম-মোক্তারনামা দলিলের পুনঃসঠিকতা যাচাই	২,৬৬৫ টি
০৪.	শিক্ষা সনদ সত্যায়ন	৭৮,৮৯৩ টি
০৫.	বিবিধ নথিপত্র/সনদ (বৈবাহিক সনদ/ স্থানীয় আম-মোক্তারনামা, পারিবারিক সনদ, জন্ম নিবন্ধন সনদ ইত্যাদি) সত্যায়ন	১,১৫,৭৫৪ টি
	মোট সেবার সংখ্যা	১০,৭৪,৩৩১ টি

অন্যান্য সেবাঃ

নং	সেবার ধরণ/নাম	সংখ্যা
০১.	বিদেশি নাগরিকদের ভিসা প্রাপ্তির জন্য অনাপত্তি	২,৪৩০ টি
০২.	কূটনৈতিক পত্র ইস্যু	২,১৮৭ টি
০৩.	লেটার অব ইন্ট্রোডাকশন ইস্যু	৮০৫ টি
০৪.	কূটনৈতিক পাসপোর্ট ইস্যু	৯৭১ টি
০৫.	কূটনৈতিক পাসপোর্ট বাতিল	২৭৯ টি
০৬.	সার্ক ভিসা স্টিকার ইস্যু	৪২৫ টি
০৭.	অফিসিয়াল পাসপোর্টের জন্য অনাপত্তি সনদ	৫১,৮৬৯ টি
০৮.	অফিসিয়াল পাসপোর্ট বাতিলের জন্য সনদ	৮৩,৭৪৮ টি
০৯.	মৃতদেহ প্রত্যাবাসন	১০৭ টি
১০.	বাংলাদেশী নাগরিকের নাগরিকত্ব যাচাই রিপোর্ট	১০০৪ টি
১১.	বাংলাদেশী নাগরিক দেশে প্রত্যাবাসন	৯৯৭ জন
১২.	বিদেশ গমনেচ্ছু বাংলাদেশী নাগরিকের ব্যাপারে অনাপত্তি সনদপত্র ইস্যু	২৩৭ জন
	মোট সেবার সংখ্যা	১,৪৫,০৫৯ টি

এছাড়া, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে প্রাপ্ত বিভিন্ন সমস্যার সমাধানকল্পে ও দৈনন্দিন অন্যান্য কার্যাবলী সংক্রান্ত বিভিন্ন বিষয়ে বাংলাদেশে অবস্থিত সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও অফিস যেমনঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধকের রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বিমানবন্দর ইমিগ্রেশন ইত্যাদির সাথে মিশনসমূহের যোগাযোগ স্থাপন ও মিশনের পক্ষে সমন্বয় সাধনের মাধ্যমে সেসব সমস্যার সমাধান।
